ইনকিলাব

পৃষ্ঠা ৩ কলাম ৩

15 Report

# অনিয়ম-অব্যবস্থাপনার মধ্য দিয়ে ইফা'র বইমেলা আজ শুরু

শামসুল ইসলাম : চরম অনিয়ম ও অব্যবস্থাপনার মধ্য দিয়ে আজ থেকে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর চত্বরে দু'মাস ৭ দিনব্যাপী ইসলামী বইমেলা শুরু হচ্ছে। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন (ইফা) এ বই মেলার উদ্যোগ নিয়েছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক ও ভূমি উপদেষ্টা এ এফ হাসান আরিফের আজ বিকেল ৩টায় ইফা'র ইসলামী বইমেলা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করার কথা রয়েছে। ইসলামী বই মেলার প্রচার-প্রসারে ইফা কর্তৃপক্ষ কোন উদ্যোগ নেয়নি। বই মেলার স্টল বরাদ্দেও নানা অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। প্রকৃত পুস্তক প্রকাশকরা ইফার বই মেলায় স্টল বরাদ্দ পায়নি বলে জানা গেছে। ইফা'র কতিপয় অসাধু কর্মকর্তার সাথে যোগসাজশে ফুটপাতের হকাররাও (বই বিক্রেতা) বই মেলায় স্টল বরাদ্দ লাভ করেছে। ইফা কর্তৃপক্ষ স্টল বরাদ্দে নিজস্ব প্রকাশিত ১৫টি ইসলামী বই এবং নবায়নকৃত ট্রেড লাইসেন্স থাকা শর্তজুড়ে দেয়। বই মেলায় কতটি স্টল বরাদ্দ দেয়া হবে তা নির্দিষ্ট করে বলা হয়নি। নিজস্ব প্রকাশিত ১৫টি ইসলামী বই নেই এমন প্রতিষ্ঠানও স্টল বরাদ্দ লাভ করেছে বলে জানা গেছে। নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক স্টল মালিক ইনকিলাবকে জানান, সাথী কোরআন মহল ও কোরআন মনজিলের মাত্র হাতেগোনা ক'টি বই রয়েছে অথচ বিনা বাধায় তারা স্টল বরাদ্দ লাভ করেছে। জানা গেছে, অন্য প্রকাশনার বই জমা দিয়ে তারা স্টল লাভ করেছে। টানা দু'মাস ৭ দিন বইমেলা হওয়ায় স্টল নির্মাণে ইফা'র খরচও কম পড়েছে। অথচ এক মাসের মাঝখানে ৭ দিন মেলার সময় বেড়ে যাওয়ায় অতিরিক্ত ১৫শ' টাকা করে স্টলপ্রতি আদায় করা হয়েছে। এতে স্টলপ্রতি ভাড়া দাঁড়িয়েছে সাড়ে ১১ হাজার টাকা। এতে ৫১টি স্টল মালিকদের অধিকাংশই চরমভাবে ক্ষুব্ধ। সূত্রমতে, ফুটপাতের বই বিক্রেতারাও বই মেলায় স্টল লাভ করেছে। জনতা পাবলিকেশন স্টল নিয়ে অন্যের কাছে স্টল বিক্রি করে দিয়েছে। শতাব্দী প্রকাশনী, বর্ণালী বুক সেন্টার, মোহাম্মদ ব্রাদার্স স্টল বরাদ্দ নিয়ে সঠিকভাবে মেলায় অংশ নিচ্ছে না বলে জানা গেছে। ইসলামিয়া কোরআন মহল একাধিক স্টল লাভ করেছে বলে অভিযোগ উঠেছে। কেএসপি ক্যাসেটের দোকানের কাছে একটি স্টল বিক্রি করা হয়েছে বলে জানা গেছে। বইমেলা নিয়ে নানা অভিযোগ উঠলেও ইফা'র উর্ধ্বতন কর্মকর্তাদের মেলা চত্বরে খুঁজেও পাওয়া যায়নি। মেলা কমিটির সদস্য জাহাঙ্গীর হোসেন বই মেলায় স্টল বরাদ্দে অনিয়মের অভিযোগ সঠিক নয় বলে দাবী করে বলেন, বইয়ের স্টলে ক্যাসেট বিক্রি করা হলে তা বন্ধ করে দেয়া হবে।